

শেঞ্চি মণ্ড

পঞ্চম শ্রেণি

স্বাস্থ্য
ও

শারীরশিক্ষা

বিদ্যালয় শিক্ষাবিভাগ। পশ্চিমবঙ্গ সমগ্র শিক্ষা মিশন। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ। বিশেষজ্ঞ কমিটি।
পশ্চিমবঙ্গ সরকার

শেখার স্টু

স্বাস্থ্য ও শারীরশিক্ষা পঞ্চম শ্রেণি



সত্যমেব জয়তे

বিদ্যালয় শিক্ষাবিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
বিকাশ ভবন,
কলকাতা - ৭০০০৯১

পশ্চিমবঙ্গ সমগ্র শিক্ষা মিশন
বিকাশ ভবন,
কলকাতা - ৭০০০৯১

পশ্চিমবঙ্গ প্রাথমিক পর্যবেক্ষণ
ডি.কে. ৭/১, বিধাননগর,
সেক্টর -২
কলকাতা - ৭০০ ০৯১

বিশেষজ্ঞ কমিটি
নিবেদিতা ভবন, পঞ্চমতল
বিধাননগর,
কলকাতা : ৭০০০৯১

বিদ্যালয় শিক্ষাবিভাগ। পশ্চিমবঙ্গ সরকার

বিকাশ ভবন, কলকাতা - ৭০০ ০৯১

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

ডি কে ৭/১, বিধাননগর, সেক্টর -২

কলকাতা - ৭০০ ০৯১

বিশেষজ্ঞ কমিটি

নিবেদিতা ভবন, পঞ্জমতল

বিধাননগর, কলকাতা : ৭০০০৯১

Neither this book nor any keys, hints, comment, note, meaning, connotations, annotations, answers and solutions by way of questions and answers or otherwise should be printed, published or sold without the prior approval in writing of the Director of School Education, West Bengal. Any person infringing this condition shall be liable to penalty under the West Bengal Nationalised Text Books Act, 1977.

প্রথম প্রকাশ : ডিসেম্বর, ২০২১

মুদ্রক

ওঁ পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগ

(পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগ)

কলকাতা-৭০০ ০৫৬

মুখ্যবন্ধ

প্রাথমিক স্তরের জন্য বিদ্যালয় শিক্ষা বিভাগের উদ্যোগ ও ব্যবস্থাপনায় এবং বিশেষজ্ঞ কমিটির তত্ত্বাবধানে এই অতিমারিল আবহেও রাজ্যের ছাত্রাত্ত্বাদের সুবিধার্থে অত্যন্ত দ্রুততার সঙ্গে প্রায় সমস্ত বিষয়ের বিজ মেটেরিয়াল ‘শিখন সেতু’ প্রকাশিত হল। বিদ্যালয়ের স্বাভাবিক এবং নিয়মিত পঠন-পাঠনে দীর্ঘদিনের যে অনভিপ্রেত ছেদ পড়েছিল এবং সেই কারণে শিখনের ক্ষেত্রে ছাত্রাত্ত্বাদের যে ঘাটতি তৈরি হয়ে থাকতে পারে - এই ‘বিজ মেটেরিয়াল’টি সেই ঘাটতি পূরণে গুরুত্বপূর্ণ হয়ে উঠবে। বিদ্যালয়গুলি পুনরায় চালু হওয়ার পর অন্তত ১০০ দিন সকল শিক্ষার্থীর জন্য এটি ব্যবহৃত হবে। প্রয়োজন বুঝে বিশেষ কিছু শিক্ষার্থীর জন্য ‘মেটেরিয়াল’টি ব্যবহারের মেয়াদ আরও কিছুদিন বাড়ানো যেতে পারে।

এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন এই ‘বিজ মেটেরিয়াল’টি বিভিন্ন বিষয়ের সঙ্গে ছাত্রাত্ত্বাদের সংযোগ ও সেতু নির্মাণের পাশাপাশি পরিচিতি ও শিখনের মানোন্নয়নে বিশেষ সহায়ক হবে।

শিক্ষিকা/শিক্ষকেরা প্রয়োজন অনুযায়ী এই সামগ্ৰীর সঙ্গে পাঠ্য বইকে জুড়ে নেবেন এবং ‘মেটেরিয়াল’টি ব্যবহারের ক্ষেত্রে তাঁদের মৌলিকতার পাশাপাশি একটি সার্বিক ভাবনা ক্ৰিয়াশীল রাখবেন - এই প্ৰত্যাশা রাখি। একথা মনে রাখা জৰুৱি, এই ‘বিজ মেটেরিয়াল’টি নিয়মিত পাঠক্রমের সঙ্গে সাযুজ্য রেখে ব্যবহৃত হবে এবং এর ভিত্তিতেই শিক্ষার্থীদের ধাৰাবাহিক মূল্যায়ন চলবে।

প্রথম প্রকাশের মুহূৰ্তে এই প্রকল্পের সঙ্গে যুক্ত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানাই।

ডিসেম্বর, ২০২১
আচাৰ্য প্ৰফুল্লচন্দ্ৰ ভবন
ডি-কে ৭/১, সেক্টৱ ২
বিধাননগৱ, কলকাতা ৭০০ ০৯১

মোনিকা উচ্চাচ্ছ্বাস

সভাপতি
পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্যবেক্ষণ



প্রাক্কথন

বিদ্যালয় শিক্ষা বিভাগের উদ্যোগ ও ব্যবস্থাপনায় এবং বিশেষজ্ঞ কমিটির তত্ত্বাবধানে এই অতিমারিয়ার আবহেও রাজ্যের ছাত্রছাত্রীদের সুবিধার্থে অত্যন্ত দুর্বল সঙ্গে প্রাথমিক স্তরের সমস্ত বিষয়ের জন্য ‘বিজ মেটেরিয়াল’ প্রস্তুত করা হয়েছে। এই ‘বিজ মেটেরিয়াল’টি শিক্ষার্থীদের কাছে একটি ‘অ্যাকসিলারেটেড লার্নিং প্যাকেজ’ হিসেবে কাজ করবে। বিদ্যালয়ের স্বাভাবিক এবং নিয়মিত পঠন-পাঠনে দীর্ঘদিনের যে অনভিপ্রেত ছেদ পড়েছিল এবং সেই কারণে শিখনের ক্ষেত্রে ছাত্রছাত্রীদের যে ঘাটতি তৈরি হয়ে থাকতে পারে — এই ‘বিজ মেটেরিয়াল’টি সেই ঘাটতি পূরণে অত্যন্ত তাৎপর্যপূর্ণ হয়ে উঠবে। বিদ্যালয়গুলি পুনরায় চালু হওয়ার পর অন্তত ১০০ দিন সকল শিক্ষার্থীর জন্য এটি ব্যবহৃত হবে। প্রয়োজন বুঝে বিশেষ কিছু শিক্ষার্থীর জন্য ‘মেটেরিয়াল’টি ব্যবহারের মেয়াদ আরও কিছুদিন বাড়ানো যেতে পারে।

এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন এই ‘বিজ মেটেরিয়াল’টির মুখ্য উদ্দেশ্য হলো বিগত দুটি শিক্ষাবর্ষের দুটি শ্রেণির বিষয়ভিত্তিক গুরুত্বপূর্ণ শিখন সামর্থ্যের সঙ্গে বর্তমান শিক্ষাবর্ষের শ্রেণি-সংশ্লিষ্ট প্রয়োজনীয় শিখন সামর্থ্যের সংযোগ ও সেতু নির্মাণ।

শিক্ষিকা/শিক্ষকদের কাছে আমাদের আবেদন, ‘বিজ মেটেরিয়াল’টি প্রয়োজনীয় কাম্য শিখন সামর্থ্যের ভিত্তিতে তৈরি হওয়ার কারণে, এটি ব্যবহারের ক্ষেত্রে তাঁদের মৌলিকতার পাশাপাশি একটি সার্বিক ভাবনা যেন ক্রিয়াশীল থাকে। তাঁরা প্রয়োজন অনুযায়ী এই সামগ্ৰীৰ সঙ্গে পাঠ্য বইকে জুড়ে নিতে পারবেন। একথা মনে রাখা জরুৰি, এই ‘বিজ মেটেরিয়াল’টি নিয়মিত পাঠক্রমের সঙ্গে সাযুজ্য রেখে ব্যবহৃত হবে এবং এর ভিত্তিতেই শিক্ষার্থীদের ধারাবাহিক মূল্যায়ন চলবে।

নির্বাচিত শিক্ষাবিদ, শিক্ষক-শিক্ষিকা এবং বিষয়-বিশেষজ্ঞবৃন্দ অঞ্চল সময়ের মধ্যে বইটি প্রস্তুত করেছেন। বিভিন্ন সময়ে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্যবেক্ষণ, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগ, পশ্চিমবঙ্গ সমগ্র শিক্ষা মিশন, পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকার প্রভৃতি সহায়তা প্রদান করেছেন। তাঁদের ধন্যবাদ।

পশ্চিমবঙ্গের মাননীয় শিক্ষামন্ত্রী অধ্যাপক ব্রাত্য বসু প্রয়োজনীয় মতামত এবং পরামর্শ দিয়ে আমাদের বাধিত করেছেন। তাঁকে আমাদের কৃতজ্ঞতা জানাই।

অভিযোগ মুক্তীদাতা[†]

ডিসেম্বর, ২০২১

নিবেদিতা ভবন, পঞ্চমতল
বিধাননগর, কলকাতা : ৭০০ ০৯১

চেয়ারম্যান

বিশেষজ্ঞ কমিটি
বিদ্যালয় শিক্ষা দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

বিশেষজ্ঞ কমিটি পরিচালিত পাঠ্যপুস্তক প্রণয়ন পর্যবেক্ষণ

অভীক মজুমদার
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মানিক ভট্টাচার্য
সভাপতি, পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্যবেক্ষণ

শ্বেতাশ্রম প্রকাশনা
খন্দক মল্লিক পুর্ণেন্দু চ্যাটারজী রাতুল গুহ

পান্তুলিপি নির্মাণ ও সম্পাদনা

দ্বীপেন বসু

সহযোগিতায়

সৌমিত্র কর্মকার, সুতেজ সাত্ত্বিক, ড. সুমাল্য রায়, ড. শুভেন্দু কর


অলংকরণ

শঙ্কর বসাক, সুতেজ সাত্ত্বিক

প্রচ্ছদ

দ্বীপেন বসু

বিষয়সূচি

		
১. আমাদের স্কুল (১)	২. স্বাস্থ্য সচেতনতার আকখ (২-২৫)	৩. স্বাস্থ্যবিধান (২৬-৩১)
		
৪. মেদাধিক্য (৩২-৩৪)	৫. খাবারের খবর (৩৫)	৬. মূল্যবোধের শিক্ষা (৩৬)
		
৭. বিপর্যয় মোকাবিলা (৩৭-৪০)	৮. বাল্যবিবাহ চাই না (৪১-৪২)	৯. শান্তি কখনও নয় (৪৩-৪৪)
		
১০. শিশু সংসদ (৪৫-৪৭)	১১. পথনিরাপত্তা শিক্ষা (৪৮-৪৯)	১২. এসো অপুষ্টিকে তাড়াই (৫০-৫১)
		
১৩. পুষ্টিকর খাদ্য (৫২-৫৩)	১৪. সুস্বাম খাদ্যতালিকা (৫৪)	১৫. স্বাস্থ্যবিধান (৫৫-৫৭)
		
১৬. কন্যাশ্রী (৫৮)	১৭. ভালো ও খারাপ স্পর্শ (৫৯)	১৮. শিশু সুরক্ষা বিষয়ক সচেতনতা (৬০)

বিষয়সূচি



১৯. প্রবীণদের প্রতি দায়বদ্ধতা (৬১-৬২)



২০. আগুন (৬৩)


২১. মডেল অ্যাস্ট্রিভিটি টাঙ্ক (৬৪-৭৮)

বিজ মেট্রিয়াল ব্যবহার প্রসঙ্গে

- বিজ মেট্রিয়ালটি শিক্ষার্থীদের কাছে একটি ‘অ্যাকসিলারেটেড লার্নিং প্যাকেজ’ হিসেবে কাজ করবে।
- অতিমারিয়াল কারণে শিক্ষার্থীদের বিদ্যালয়ে দীর্ঘদিন অনুপস্থিতির জন্য শিখনের ক্ষেত্রে যে ঘাটতি তৈরি হয়ে থাকতে পারে, এই বিজ মেট্রিয়ালটি সেই ঘাটতি পূরণে সহায়ক হবে।
- অন্তত ১০০ দিন ধরে সব শিক্ষার্থীর জন্যই বিজ মেট্রিয়ালটি ব্যবহৃত হবে। প্রয়োজনে, বিশেষ কিছু শিক্ষার্থীর জন্য মেট্রিয়ালটির ব্যবহারের মেয়াদ আরও কিছু দিন বাড়ানো যেতে পারে।
- এই বিজ মেট্রিয়ালটির মূল ফোকাস গত দুটি শিক্ষাবর্ষের দুটি শ্রেণির বিষয়ভিত্তিক গুরুত্বপূর্ণ শিখন সামর্থ্যের সঙ্গে বর্তমান শিক্ষাবর্ষের বা শ্রেণির সংশ্লিষ্ট প্রয়োজনীয় বিষয়গুলি বিজ মেট্রিয়ালে অন্তর্ভুক্ত করা।
- বিশেষত একাদশ ও দ্বাদশ শ্রেণির ক্ষেত্রে এই মেট্রিয়ালটির কিছু অংশ প্রবেশক (foundation study content) হিসেবে কাজ করবে।
- যেহেতু বিজ মেট্রিয়ালটি কাম্য শিখন সামর্থ্যের ভিত্তিতে তৈরি, তাই শিক্ষিকা/শিক্ষকদের এই মেট্রিয়ালটি ব্যবহারের ক্ষেত্রে একটি সার্বিক ভাবনা যেন ক্রিয়াশীল থাকে।
- প্রয়োজন বুঝো শিক্ষিকা/শিক্ষক এই বিজ মেট্রিয়ালের সঙ্গে পাঠ্য বইকে জুড়ে নিতে পারেন।
- এই বিজ মেট্রিয়ালটি নির্দিষ্ট সিলেবাস প্রস্তাবিত বিষয়ের ক্ষেত্রেই ব্যবহৃত হবে।
- এই বিজ মেট্রিয়ালের ওপরেই শিক্ষার্থীদের নিয়মিত মূল্যায়ন চলবে।

আমাদের স্কুল

আমাদের স্কুল



আমাদের স্কুল পাঁচিলেতে ঘেরা,
দিনভর ছোটাছুটি করে বালকেরা।
বালিকারা একসাথে আসে স্কুলে,
মৌমাছি উড়ে যায় ফুল থেকে ফুলে।
ছেলেদের মেয়েদের আছে বাথরুম,
স্কুলে পড়া হয় — নেই চোখে ঘুম।
স্কুল পরিসরে আছে চালু নলকুপ,
স্কুল যেই শুরু হয়, সকলেই চুপ।
বর্জ্য ফেলার আছে ছোটো ডাস্টবিন,
হাত ধূতে চাও বুবি ? রয়েছে বেসিন।

স্কুল জুড়ে আছে সবুজ বাগান,
পাখি কত সুরে গায়, শোনো পেতে কান।

মিড-ডে মিলের আছে ব্যবস্থা নানা,
ভালো করে ধুয়ে নিই থালাবাটি খানা।
আমরাই গড়েছি যে শিশু সংসদ,
পড়ুয়ার অধিকার-আছে নিরাপদ।

মন্ত্রীসভার হয় পুনঃগঠন,
দশে মিলে করি কাজ, ভালো থাকে মন।
একসাথে ছুটি খেলি নেই কোনো ভয়,
স্কুলে এসে কারো শাস্তিতো নয়।

আমাদেরও আছে মান, নেই যে অবোধ,
বাল্যবিবাহের গড়ে তুলি প্রতিরোধ।
দেওয়ালেতে আঁকা কতো মনীষীর ছবি,
আমাদের স্কুলে খেলা করে রবি।



স্বাস্থ্য সচেতনতার আ আ... ক খ...

অ



অসুখ বড়ো বিছিরি ভাই,
অসুখকে তাই এড়াতে চাই।

আ



আমাশয় বা পেটের রোগে,
ছেলেমেয়ে বড়োই ভোগে।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

৫



ইঞ্জেকশন দেখে নেবে,
সিরিঞ্জ পরে ফেলেই দেবে।

৬



ঈষৎ আলোয় পড়তেও নেই,
চোখের ক্ষতি করতেও নেই।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

উ



উচ্চ রক্ত চাপের ফলে,
পাতে কি নুন খাওয়া চলে ?

উ



উষাকালে বেরিয়ে পড়ে,
থাকবে কেন জড়সড়ে ?

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

খ



খতু-বদল খেয়াল রেখো,
সাবধানেতে তখন থেকো।

এ



এড়স রোগটা খারাপ বড়ো,
এড়স রোগীকে রক্ষা করো।

স্বাস্থ্য সচেতনতার অ আ... ক খ...

৩



ঐ বুঝি ভাই আসছে জুর,
লেপ কম্বল চেপে ধর।

৪



ও.আর.এস.জিনিস্টা কী,
নতুন করে বলব তাকি?

স্বাস্থ্য সচেতনতার অ আ... ক খ...

গ



ওষধ যদি খেতেই চাও,
ডাক্তারকে আগে দেখাও।

ক



কুমি বড়ো খারাপ কীট,
হাত ধুয়ে খাও থাকবে ঠিক।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

খ



খইনি, জরদা একদম নয়,
অনেক রোগই তা থেকে হয়।

গ



গলার ব্যথা সারাতে চাও ?
চিক্কার নয়, রাগও থামাও।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

৪



ঘুমোতে ভাই যখনই যাও,
মশারিটা টাঙিয়ে নাও।

৫



রঙ দেওয়া সব খাবার কিনে,
মরতে কি চাও দিনে ?

স্বাস্থ্য সচেতনতার অআ... কখ...

চ



চোখের রোগের ধরন নানা,
ছানি পড়া বা রাতকানা।

জ



ছাতু ছোলা যত খাবে,
প্রোটিনও তো ততই পাবে।


স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

জ



জিভে যখন ময়লা জমে,
হজমশক্তি তখন কমে।

ব



বারনার জল কাজে লাগে,
শরীর স্বাস্থ্য ভালো রাখে।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

ঞ



বঞ্চনা আর যা লাঞ্ছনা,
তা নিয়ে হোক আলোচনা।

ট



টাটকা খাবার খেয়ে তো নাও,
সুস্থ যদি থাকতেই চাও।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

ঠ



ঠগি আছে এই সমাজে,
লাগে না তো কোনো কাজে।

ড



ডায়ারিযায় জলাভাব হয়,
ও.আর.এস.-এই সারে নিশ্চয়।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

৩



ঢাকবে খাবার থাকতে গরম,
সুরক্ষার তো এটাই নিয়ম।

৪



দূষণমুক্ত রাখবে যত,
রোগ জীবাণু কমবে তত।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

ত



ত্বকের যত্ন নিতে হবে,
চুলকানি, দাদ পালায় তবে।

থ



থুথু অতি নোংরা জিনিস,
হেথায়-হোথায় কেন ফেলিস ?

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

দ



দাঁতের রোগে ভোগে তখন,
খাদ্যকণা জমে যখন।

ধ



ধৈর্য তুমি ধরবে যত,
সফলতা আসবে তত।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

ন



নোংরা জামা, রোগ তো ছড়ায়,
মন বসে না লেখায় পড়ায়।

প



পানীয় জল বা রান্নার জল,
সর্বদা তা হবে নির্মল।

স্বাস্থ্য সচেতনতার অ আ... ক খ...

ফ



ফলটা খাবে টাটকা, তাজা,
খাবে না তো তেলে ভাজা।

ভ



ভিটামিন-বি যুক্ত খাবার,
খেলে ভাবনা থাকেনা আর।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

ব



বাসি খাবার খেলে পরে,
রোগের বাসা হয় উদরে।

ম



মিড-ডে মিলে যুক্ত যারা,
সাবানে হাত ধোবেন তারা।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

য



যানবাহনের আওয়াজ ভারী,
কান না ঢেকে থাকতে পারি ?

ল



লবঙ্গ তেল তুলোয় নিয়ে,
ব্যথা দাঁতে দাও লাগিয়ে।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

র



রক্তান্ত্র রোগ ভালো নয়,
স্বাস্থ্যকেন্দ্রে যাবে নিশ্চয়।

শ



শৌচের পরে সাবান হাতে,
জীবাণু সব পালায় তাতে।

স্বাস্থ্য সচেতনতার অ আ... ক খ...

ষ



যোলো আনা সুস্থ থাকো,
অসুস্থতা দূরে রাখো।

স



সকাল সকাল উঠলে পরে,
এনারজিটা ভীষণ বাড়ে।

স্বাস্থ্য সচেতনতার অ আ... ক খ...

হ



হাঁচি-কাশি দূরে রাখো,
রুমাল দিয়ে মুখটা ঢাকো।

ক্ষ



ক্ষয় রোগেতে নেই কোনো ভয়,
যদি সঠিক চিকিৎসা হয়।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

ড়



পড়ার যত ছেলেপিলে,
থাকবে নীরোগ সবাই মিলে।

ঢ়



গাঢ় ঘুমের তুলনা নাই,
সুস্থ তুমি, বলছি তো তাই।

স্বাস্থ্য সচেতনতার আ... ক খ...

য



ভয কেন পাও কুষ্ট রোগে ?
ওযুধ বিনা রোগী ভোগে ।

৯



চিকিৎসাতেই রোগ যে সারে,
বলছি তোমায় বারে বারে ।

স্বাস্থ্যবিধান

চোখের রোগ প্রতিরোধ

চোখেরই রোগ প্রতিরোধে বলি যে বার বার,
জল দিয়ে রোজ করতে হবে চোখের পরিষ্কার।
চোখের ভিতর ময়লা, ধুলো পড়তেই তো পারে,
পরিষ্কার তা করবে জল বা কাপড় ব্যবহারে।
রাতে পড়ার সময় আলো থাকবে পিছন থেকে,
পড়াশোনা করতে হবে দূরত্বে বই রেখে।
স্বল্প আলোয় পড়ালেখা মোটেই ভালো নয়,
টিভির পর্দা থেকেও দূরে বসবেই নিশ্চয়।
ধোঁয়া জেনো দুটি চোখের বড়েই ক্ষতি করে,
চুরি কাঁচি সাবধানেতে রাখতে হবে ঘরে।
সবুজ গাছপালার দিকে তাকাও কিছুক্ষণ,
দুবেলাতেই শাকসবজি খাওয়ায় দিও মন।



স্বাস্থ্যবিধান

চোখের বিভিন্ন রোগ :

- | | | | |
|------------|---------------------------|------------------------|-------------|
| ১) আঞ্জনি | ২) চক্ষুপ্রদাহ | ৩) দীর্ঘস্থায়ী প্রদাহ | ৪) ছানিপড়া |
| ৫) রাতকানা | ৬) দৃষ্টিশক্তিজনিত ত্রুটি | ৭) বর্ণন্ধতা। | |

চোখের রোগ প্রতিরোধের জন্য কী করতে হবে : প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, উপ-স্বাস্থ্যকেন্দ্র থেকে শিশুদের টিকার প্রতিটি ডোজ সঠিক সময়ে গ্রহণ করাতে হবে।

চোখের যত্ন :

- ১) দিনে অন্তত চার থেকে পাঁচবার পরিষ্কার জল দিয়ে চোখ পরিষ্কার করা উচিত।
- ২) অন্যের ব্যবহার করা রুমাল বা তোয়ালে ব্যবহার করা উচিত নয়।
- ৩) চোখের ভিতরে কোনো ময়লা বা ধূলো পড়লে পরিষ্কার জল বা কাপড় দিয়ে পরিষ্কার করা উচিত।
- ৪) পড়ার সময় বইয়ের উপর থেকে কাঁধের উপর দিয়ে যাতে যথেষ্ট আলো আসে সেদিকে দৃষ্টি দিতে হবে।
- ৫) চোখ থেকে অন্তত এক ফুট দূরে বই রেখে পড়াশোনা করা উচিত।
- ৬) অন্যের চশমা ব্যবহার করা উচিত নয়।
- ৭) অল্প আলোতে কাজ করা উচিত নয়।
- ৮) TV-র পর্দা থেকে অন্তত তিন হাত দূরে বসে ছবি দেখা উচিত।
- ৯) ধোঁয়া চোখের পক্ষে ক্ষতিকারক।
- ১০) এছাড়া নিম্নলিখিত পদ্ধতি পালনের মাধ্যমে চোখের স্বাস্থ্য বজায় রাখা যায় :

- i) চোখের পাতা তাড়াতাড়ি বন্ধ করে ফেলা।
- ii) চোখকে তুলো দিয়ে ঢাকা দিয়ে ঘুমানো।
- iii) অন্ধকার ঘরের মধ্যে চোখ খুলে তাকানো।
- iv) চক্ষুগোলককে ঘোরানো।
- v) হাতের তালুতে জল নিয়ে চক্ষুগোলককে জলের মধ্যে ডোবানো।
- vi) সূর্যন্মান অর্থাৎ ভোরের সূর্যের দিকে মুখ করে চোখ বন্ধ করে থাকা।



- vii) মুখ সোজা রেখে চোখের মণিকে ঘোরানো। তিরধনুক, গুলি-ডাভা, পেনসিল, ছুরি, কাঁচি প্রভৃতির মতো ছুঁচালো কোনো জিনিস থেকে শিশুদের কোনোরূপ বিপদ না হয় সেদিকে সর্বদা দৃষ্টি দিতে হবে।
- viii) চোখের দৃষ্টি অক্ষুণ্ণ রাখতে ঘি, দুধ, মাছ, মাংস, ডিম ইত্যাদি খাওয়া উচিত। কিছুক্ষণ সবুজ গাছপালার দিকে অথবা স্লিপ্প নীল আকাশের দিকে তাকিয়ে থাকা উচিত। পরিশেষে চক্ষু রোগজনিত কারণে দৃষ্টিশক্তি সামান্য ক্ষুণ্ণ হলে অথবা মাথা ধরলে বা বমি বমি ভাব থাকলে এবং নিদ্রা ও হজমশক্তির ব্যাঘাত ঘটলে তৎক্ষণাত চক্ষুরোগ বিশেষজ্ঞের পরামর্শ নেওয়া উচিত। অন্ধ হওয়া থেকে বাঁচতে প্রতিদিন — লাল নটেশাক, গাজর, আম, পেঁপে প্রভৃতি খাওয়া উচিত।

স্বাস্থ্যবিধান



দাঁতের রোগ প্রতিরোধ


দন্তক্ষয় প্রতিরোধে যত্ন নিতে হয়,
দন্ত বিশেষজ্ঞ বলে দেবেন তা নিশ্চয়।
তাদের দ্বারা করতে হবে দাঁত পরিষ্কার,
মুখগহ্বর পরিচ্ছন্ন রাখব যে বারবার।
সকালে ঘুম থেকে উঠে, শোয়ার আগে রাতে,
প্রতিদিনই মাজন বা পেস্ট দিয়ে ঘষব দাঁতে।
গুড়াকু বা ছাই দিয়ে কেউ দাঁত মাজবে নাকো,
যন্ত্রণাতে লবঙ্গ বা জোয়ান মুখে রাখো।
জল দিয়ে মুখ ধোব সবাই খাওয়ার পরে,
দাঁতের পরিচর্যা জানি চলবে ঘরে ঘরে।

দাঁতের বিভিন্ন রোগ :

- ১) **দন্তক্ষয়**— দাঁতের ক্ষয়রোগের প্রধান কারণ হলো ব্যাকটেরিয়া ও দাঁতের গঠন।
- ২) **পাইয়ারিয়া**— দাঁত থেকে রক্ত ও পুঁজি নির্গত হয় এবং মাড়ি ও অস্থিগহ্বর নষ্ট হয়ে যায়।
- ৩) **নিশাসে দুর্গন্ধ**— দন্তক্ষয় রোগ, পাইওরিয়া, দাঁতের পরিচর্যার অভাব, এছাড়াও বিভিন্ন সাধারণ ব্যাধির ফলেও নিশাসে দুর্গন্ধ হয়ে থাকে।
- ৪) **মাড়ি ফুলে যাওয়া**— দাঁতের নিয়মিত পরিচর্যার অভাব ও ভিটামিনের অভাবে মাড়ি সংক্রান্ত একটি রোগ হলো মাড়ি ফুলে যাওয়া।

দাঁতের যত্ন :

- ১) দন্তক্ষয় রোগ প্রতিরোধের জন্য নিয়মিতভাবে দন্ত বিশেষজ্ঞের দ্বারা দাঁত পরিষ্কার করানো এবং মুখগহ্বর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা উচিত।
- ২) সকালে ঘুম থেকে উঠে ও রাতে শোয়ার আগে প্রতিদিন মাজন বা পেস্ট দিয়ে অবশ্যই দাঁত মাজা উচিত।
- ৩) দুধ, ডিম, শাক সবজি খেতে হবে।
- ৪) দন্তমল নিয়মিত পরিষ্কার করা উচিত।
- ৫) নিয়মিত দাঁতের পরিচর্যা করা উচিত।
- ৬) ছাই বা গুড়াকু দিয়ে দাঁত মাজা উচিত নয়।
- ৭) যে-কোনো খাবার খাওয়ার পরে জল দিয়ে মুখ ধোয়া উচিত।



স্বাস্থ্যবিধান

কানের রোগ প্রতিরোধ



কানে ময়লা জমতে পারে অধিক পরিমাণে,
শ্রবণশক্তি কমতে পারে, ব্যথাও হয় কানে।
জল চুকতেই পারে কিংবা পুঁজ জমতে পারে,
কানের পর্দা ফেটে গিয়ে বিপদ শুধু বাড়ে।
কানের যত্ন এজন্যই নেওয়াটা দরকার,
যানবাহনের বিকট শব্দ করবে পরিহার।
কোনোরকম আঘাত থেকে রাখবে দূরে কান,
নিয়মমতো প্রতিদিনই করতে হবে স্নান।
স্নানের সময় করা উচিত কান পরিষ্কার,
কানের যত্ন নিতে হবেই— বলব কত আর।



কানের রোগ :

- (১) **শক্ত কর্ণমল** : কর্ণমল (ময়লা) অধিক পরিমাণে জমলে কানে ব্যথা হয় ও শ্রবণশক্তি কমতে পারে।
- (২) **কানে পুঁজ জমা** : কানের মধ্যে জল চুকলে, সেই জল যদি কান থেকে বের করা না হয়, দীর্ঘদিন সর্দি লাগলে বা কানের মধ্যে কোনো সংক্রমণ ঘটলে কানে পুঁজ জমতে পারে। দীর্ঘদিন যদি কানের মধ্য হতে পুঁজ বের হতে থাকে, তবে কান কালা হয়ে যেতে পারে ও কানের মধ্যে ক্যানসার পর্যন্ত হতে পারে— যার পরিণাম মৃত্যু।
- (৩) **কানের পর্দা ফেটে যাওয়া** : আঘাতজনিত কারণে বা অতিরিক্ত বায়ুর চাপে কানের পর্দা ফেটে যেতে পারে। জলে ডুব দিয়ে জলের গভীরে প্রবেশ করলে জলের চাপে কানের পর্দা ফেটে যেতে পারে। এর ফলে কান কালা হয়ে যায়, কানের মধ্যে শোঁ শোঁ শব্দ হয়।


কানের যত্ন :

- ১) কানে ময়লা যাতে না জমতে পারে তার জন্য নিয়মিত কান পরিষ্কার করা দরকার।
- ২) যানবাহনের বিকট শব্দ বা কলকারখানার তীব্র শব্দ পরিহার করা উচিত।
- ৩) প্রতিদিন স্নানের সময় কান পরিষ্কার করা উচিত।
- ৪) কোনো সময়ে কানে কোনোরূপ আঘাত করা উচিত নয়।
- ৫) কোনোরূপ রোগের লক্ষণ দেখা দিলে তৎক্ষণাত চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত।

স্বাস্থ্যবিধান

রক্তাঙ্গতা

রক্তাঙ্গতা মানেই হল হিমোগ্লোবিন কম,
অক্সিজেনের অভাব ঘটে—বাড়ে উপশম।
ছেলে মেয়ে খুব সহজেই ক্লান্ত হয়ে পড়ে,
অতি অল্প পরিশ্রমেই হাঁপিয়ে ওঠে ঘরে।
হাত, পা, শরীর কখনো যে দেখি ফুলে যেতে,
চোখের পাতা ফ্যাকাশে হয়, হয় যে কষ্ট পেতে।
নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রে অবিলম্বে যাও,
অতি দ্রুত যদি তুমি সুস্থ হতে চাও।



স্বাস্থ্যবিধান



রক্তের লোহিতকণিকায় হিমোগ্লোবিন কম থাকার দরুন রক্তাঙ্গতা রোগ হয়। দেহের সমস্ত অঙ্গে ও পেশিতে অক্সিজেন পৌঁছে দেওয়ার জন্য হিমোগ্লোবিনের প্রয়োজন হয়। রক্তাঙ্গতার ফলে শরীরের প্রধান অঙ্গগুলো অক্সিজেনশূন্য হয়ে পড়ে যা স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকারক।


চিহ্ন ও পূর্বলক্ষণ :

- ১) নখ, জিভ ও নাচের ঠোঁট এবং চোখের পাতার কোল ফ্যাকাশে হয়ে যায়।
- ২) অতি অল্প পরিশ্রমেই শ্বাসকষ্ট হয়।
- ৩) কখনো-কখনো হাত, পা ও শরীর ফুলে যেতে পারে।
- ৪) কিছু কিছু ক্ষেত্রে বাচ্চাদের মধ্যে খড়ি ও মাটি খাবার প্রবণতা দেখা দেয়।

কী করতে হবে :

- ১) সবুজ শাকসবজি, বিশেষ করে পালং, নটেশাক, বরবটি, মটরশুটি, মাংস, মাছ, মুরগির মাংস খেতে হবে।
- ২) অবিলম্বে তাদের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পাঠাতে হবে।
- ৩) খাদ্যতালিকায় সবুজ পাতাযুক্ত শাকসবজি, ডাল, চিনাবাদাম, গুড়, ছোলাসেদ্ধ ও তালমিছরি ইত্যাদি প্রয়োজনমতো রাখতে হবে।
- ৪) কৃমি সংক্রমণ বিষয়ে সতর্ক থাকতে হবে।
- ৫) খালি পায়ে হাঁটিবে না ও স্যানিটারি পায়খানা ছাড়া কোনো অবস্থায় খোলা জায়গায় মলত্যাগ করবে না।

মেদাধিক্য



মেদাধিক্য

অতি পৃষ্ঠি খাবার খেয়েই মেদাধিক্য হয়,
অতিরিক্ত চর্বি জমে হবে তা নিশ্চয়।
উচ্চ প্রোটিনযুক্ত খাবার মেদ বৃদ্ধি করে,
বংশগত কারণও তো রয়েছে তারপরে।
মেদাধিক্য হলে পরে অনেক রোগ যে বাড়ে,
আয়ু কমায়, সম্ভাবনা রয়েছে ক্যানসারে।

প্রতিদিন যা খাওয়া দরকার তার অর্ধেক খাবে,
প্রতিদিনই খেলার মাঠে ঘাম ঝরাতে যাবে।
ফাস্টফুড বা মিষ্টি খাবার করবেই বর্জন,
খিদে পেলেই খাবার খাওয়ার থাকবে প্রয়োজন।
যখন তখন ঘুমিয়ে পড়া চলবে না একদম,
শাকসবজি বেশি খাবে, মাছ মাংস কম।

মেদাধিক্য



মেদাধিক্য একটি অতি পুষ্টিজনিত সমস্যা। দেহে মেদকলায় অতিরিক্ত চর্বি সঞ্চিত হলে যে অবস্থার সৃষ্টি হয় তাকে মেদবাহুল্য বা স্থূলতা বলে। উচ্চতা, বয়স ও লিঙগভেদে কোনো ব্যক্তির আদর্শ দৈহিক ওজনের তালিকা থেকে যদি তার দৈহিক ওজন 10% থেকে 20% - এর বেশি হয়, তবে ওই ব্যক্তিটিকে অতি ওজনবিশিষ্ট এবং 20% -এর বেশি ওজন হলে মেদবহুল বলা হয়।

কী কারণে মেদবাহুল্য ঘটে :

- ১) অতিরিক্ত শর্করা ও ফ্যাট জাতীয় খাদ্যগ্রহণের ফলে দেহে মেদবৃদ্ধি হতে পারে।
- ২) খাদ্যগ্রহণের ফলে যে পরিমাণে ক্যালোরি উৎপন্ন হয় তার থেকে কম ক্যালোরি ব্যয় করবার ফলে দেহের উদ্বৃত্ত ক্যালোরি মেদে রূপান্তরিত হয়।
- ৩) বংশগত কারণেও মেদবৃদ্ধি হতে থাকে।
- ৪) অতিরিক্ত পরিমাণে ঠান্ডা পানীয় গ্রহণেও মেদবৃদ্ধি হতে পারে।

মেদাধিক্যের কুফল :

- সৌন্দর্যহানি ঘটায়।
- আয়ু কমিয়ে দেয়।
- হাঁটুতে ব্যথা হয়।



মেদাধিক্য

- চ্যাপটা পদতল হতে দেখা যায়।
- শ্বাসক্রিয়ার সমস্যা সৃষ্টি হয়।
- মধুমেহ (ডায়াবেটিস) রোগ বেশি হয়।
- উচ্চ রক্তচাপ দেখা দেয়।
- ক্যানসারের সম্ভাবনা বাঢ়ে।
- পিত্তপাথুরি বেশি হয়।
- লিভারে মেদ জমে বিপন্নি ঘটায়।

কী করবে না/কী করবে :

- ১) প্রতিদিন যা খাওয়া দরকার তা বাবে বাবে অল্প-অল্প করে খেতে হবে।
- ২) শিশুদের কেবল খিদে পেলেই তবে তাকে খেতে দিতে হবে।
- ৩) যখন তখন ঘুমিয়ে পড়ার অভ্যাস ত্যাগ করতে হবে।
- ৪) অধিক পরিমাণ শাকসবজি খেতে হবে।
- ৫) প্রতিদিন ৩০-৪০ মিনিট ঘামঘরানো ব্যায়াম করতে হবে।
- ৬) মিষ্টি, ফাস্ট ফুড, তেলমশলাযুক্ত খাবার বর্জন করতে হবে।
- ৭) খেলাধুলা ও শরীরচর্চায় নিয়মিত অংশগ্রহণ করতে হবে।



বিঃদ্রঃ শিক্ষক/শিক্ষিকা শিক্ষার্থীদের সঙ্গে মেদাধিক্যজনিত সমস্যাগুলো নিয়ে যেমন আলোচনা করবেন, তেমনি ছাত্রছাত্রীরা কী খাবে ও কী খাবে না অভিভাবকদেরও এবিষয়ে সচেতন করবেন।

খাবারের খবর



পৃষ্ঠিপতাকা তৈরি করা

উদ্দেশ্য : আমাদের পৃষ্ঠিপতাকার সাহায্যে সুস্থ খাবারের ধারণা দিলে ছাত্রছাত্রীরা সহজে মনে রাখতে পারবে এবং বুবাতে পারবে।

উপকরণ : আর্ট পেপার, ফুলস্কেপ কাগজ, মার্কার, রঙিন প্যাস্টেল বা পোস্টার কালার।

কার্যাবলি :

- * শ্রেণির কোনো একজন ছাত্র বা ছাত্রীকে ডেকে বড়ো মাপের একটা ভারতের জাতীয় পতাকা আঁকতে বলতে হবে সহজ করে (আয়তাকারে)।
- * শ্রেণিকে জিজেস করতে হবে পৃষ্ঠিপতাকায় কী কী রং আছে। উত্তর পাওয়ার পর সেই অনুযায়ী শ্রেণিকে তিনটি দলে ভাগ করে দিন। সাদা, গেরুয়া ও সবুজ।
- * গেরুয়া ও সবুজ, এই দুই দলের প্রতিনিধিকে বলতে হবে পতাকায় যেখানে যেরকম রং আছে সেরকম রং দিতে। গেরুয়া দলের প্রতিনিধি গেরুয়া রং করবে ও সবুজ দলের প্রতিনিধি সবুজ রং করবে। আর সাদা দলের প্রতিনিধিকে বলতে হবে ঠিক মাঝখানে একটা চৰু আঁকতে।
- * এবার পতাকার তিনটি রং মাথায় রেখে শ্রেণিকে বলতে হবে আমাদের খাবারও এই তিনি রঙের হয় এবং তারা শরীরের পক্ষে কতটা অপরিহার্য।
- * এবার সাদা, গেরুয়া (হলুদ/লাল/কমলা) ও সবুজ এই তিনটি দলকে বলতে হবে আলাদা আলাদা খাদ্যবস্তুর নাম লিখতে, তাদের দলের রঙে। সাদা দল লিখবে—ভাত, মাছ, দুধ, ময়দা, সুজি, নারকেল, লবণ ইত্যাদি। গেরুয়া দল লিখবে—ডাল, আম, কাঁঠাল, গাজর, ছোলা, টম্যাটো, ডিমের কুসুম ইত্যাদি। আর সবুজ দল লিখবে শাকসবজি, ট্যাঙ্গু, বাঁধাকপি, কড়াইশুঁটি, পাতিলেবু, শিম ইত্যাদি। তালিকা সম্পূর্ণ করতে শিক্ষক প্রতিটি দলকে সাহায্য করতে পারেন।

মূল্যবোধের শিক্ষা

সাহসিকতা

সাহসের সঙ্গে কোনো কাজে
এগিয়ে গেলে সাফল্য আসবেই
আসবে।

ভক্তি-শ্রদ্ধা ও বিনয়-নৃত্য

বিনয় ও নৃত্য শিশুকে মহান করে
তোলে।

উদ্যম ও পরিশ্রম

উদ্যম ও পরিশ্রমই সাফল্যের
জননী।

বিবেক

বিবেকবান ও অনুভুতিপ্রবণ শিশু
নাসনেছে চারিব্রান।

সৎসংগে অভিলাষী

সৎ শিক্ষার্থীদের সঙ্গে থাকলা
সদ্যমনোভাবাপন্ন হয়।

অবসুষ্ঠিঃসা

অনুসন্ধিৎসার মানসিকতা
সাফল্যের মূল চারিকাঠি।

সাফল্যের ত্যাগ

ত্যাগেই মহস্ত, ত্যাগে আছে
আনন্দ।

শালীনতাবোধ

চারিব্রান হতে হলে ভদ্রতা রেখে
কথা বলতে হয়।

দৃঢ়তা

যে-কোনো কাজ করবার দৃঢ়তা নিয়ে
এগিয়ে গেলে সে কাজ অবশ্যই
সম্পন্ন হবে।

ধৈর্য

ধৈর্যশীলরা কোথাও কোনোদিন
পরাজিত হয় না।



বিচারবুদ্ধিসম্পন্ন হওয়া

মানুষের সঙ্গে মেলামেশা করে চিন্তাশক্তি
বাড়াতে শেখা।

আত্মবিশ্বাস

নিজেকে বিশ্বাস ও নিজের প্রতি আস্থা
রেখে আদর্শ মানুষ হওয়া যায়।

শিষ্টাচার

ভদ্রতা, নৃত্য ও শিষ্টাচার দ্বারা চরিত্র
সংশোধন হয়।

শৃঙ্খলাবোধ

চরিত্রবান শিক্ষার্থীকে অবশ্যই
শৃঙ্খলাপরায়ণ হতে হবে।

সহযোগিতা ও সমানুভূতি

সহযোগিতা ও সমানুভূতিসম্পন্ন শিশু
চারিব্রান হবে।

আত্মসংযম

আত্মসংযম মনের মধ্যে একাগ্রতা আনে।

ভালোবাসা

ভালোবেসে মহস্ত্রাভ করা যায়, শত্রুতা
করে তা সন্তুষ্ট হয় না।

দেশপ্রেম

দেশের মানুষের প্রতি সমবেদনা জানেনো
ও তাদের উপকারে জীবন উৎসর্গ করাই
দেশপ্রেম।

আত্মনির্ভরতা

আত্মনির্ভরতা সফলতার সোপান।

সত্যবাদিতা

একটি মহৎ গুণ।

বিপর্যয় মোকাবিলা

বজ্রপাত

মেঘে মেঘে ঘর্ষণে যে শক্তি তৈরি হয়,
বজ্র তাকেই বলে থাকি, জেনো তা নিশ্চয়।

সেই বজ্রই ধেয়ে আসে ভূপৃষ্ঠের পানে,
বজ্রপাত যে তাকেই বলি, এতো সবাই জানে।

বজ্রগর্ভ মেঘ দেখে তাই নিরাপদে থেকো,
বজ্রপাত যে বিপজ্জনক—এটুক মনে রেখো।

বজ্র পড়ার সময় মাঠে থাকবে না একদম,
আপদশূন্য আশ্রয়েতে বিপদ থাকে কম।

সুইচবোর্ডে হাত দেবে না, মোবাইলে নয় হাত,
দরজা-জানলা বন্ধ রাখো, থামুক বজ্রপাত।



বিপর্যয় মোকাবিলা

বজ্রপাত কী ?



মেঘে মেঘে ঘর্ষণের ফলে যে বিকট শব্দ ও বিদ্যুৎ চমকায় যা বৈদ্যুতিক শক্তি, আলোক শক্তি, তাপশক্তি, শব্দশক্তিতে রূপান্তরিত হয়, তাকে বজ্র বলে। এই বজ্র যখন ভূপৃষ্ঠের দিকে ধাবিত হয়, তখন তাকে বজ্রপাত বলে।

কী করতে হবে ?

- ৩) বাজ পড়ার সময় উঁচু বাড়ির ছাদে, উচ্চ ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ পরিবাহী স্তুত, পাহাড়ের চূড়া এসব স্থান থেকে নিরাপদ দূরত্বে আশ্রয় নিতে হবে।
- ৪) বজ্রপাত নিরোধক ব্যবস্থা আছে এমন বাড়ির ভিতরে আশ্রয় নিতে হবে।
- ৫) বজ্রপাতের সময় নৌকার মধ্যে থাকা নিরাপদ নয়।
- ৬) বজ্রপাতের সম্ভাবনা দেখা দিলে বাড়ি, স্কুলের বৈদ্যুতিক সরঞ্জামের সুইচ অফ করে, প্লাগ খুলে রাখতে হবে।
- ৭) বজ্রপাত শুরু হলে ঘরের জানালা-দরজা বন্ধ করে ভিতরের দিকে কোনো ঘরে আশ্রয় নিতে হবে।
- ৮) স্কুল বা বাড়িতে বজ্রপাত নিরোধক পরিবাহীর (Earthing) ব্যবস্থা করতে হবে।

কী করবে না:

- ১) কোনো ধাতব বস্তুতে হাত দেবে না।
- ২) যতক্ষণ বজ্রপাতের শব্দ শোনা যাবে, ততক্ষণ নিরাপদ আশ্রয় ছেড়ে বাইরে বেরোবে না।
- ৩) খোলা আকাশের নীচে বা মাঠে থাকলে গুঁড়ি মেরে পড়ে থাকতে হবে, কিন্তু চিত হয়ে বা উপুড় হয়ে শুয়ে থাকবে না।
- ৪) বজ্রপাতের সময় বৈদ্যুতিক সরঞ্জামগুলোতে ও সুইচবোর্ডে হাত দেবে না।
- ৫) বজ্রপাতের সময় মোবাইল, ল্যাপ্টপ ব্যবহার করবে না।



বিপর্যয় মোকাবিলা

ভূমিকম্প



ভূমিকম্প মাটির নীচের কম্পনকেই বলে,
ভূত্তক হঠাতে কেঁপে ওঠে ভূমিকম্পের ফলে।
ভূমিকম্প হলে পরে ভেঙে যায় ঘরবাড়ি,
ধুলোয় লুটায় দরজা-জানলা, দেয়াল ও আলমারি।
ভূমিকম্প হওয়া মানেই অনেক বড়ো ক্ষতি,
মানুষ মরে, পশু মরে, কত যে দুগতি!
ভূমিকম্পের আভাস পেলে বাইরে আসা চাই,
খোলা মাঠের ফাঁকা জায়গায় এসো না দাঁড়াই।

ভূ-অভ্যন্তরে সৃষ্টি হওয়া কম্পন যখন ভূত্তককে আলোড়িত করে তখন তাকে ভূমিকম্প বলে। অর্থাৎ ভূমিকম্পের ফলে ভূত্তক হঠাতে কেঁপে ওঠে।

ভূমিকম্প কেন হয় :

পৃথিবীর শিলামণ্ডল বিভিন্ন প্লেটের (টেকটোনিক গ্যাত্রের) সমন্বয়ে গঠিত। এই পাতগুলোর স্থানচ্যুতির ফলে ভূপৃষ্ঠে প্রচণ্ড কম্পনের সৃষ্টি হয়, যা টেক্টয়ের মতো পৃথিবীতে ছড়িয়ে পড়ে। জলে তিল ফেললে যেমন তরঙ্গ ওঠে ঠিক তেমনি।

কী করতে হবে :

- ১) ভূমিকম্পের আভাস পাওয়ামাত্রই ঘর থেকে বেরিয়ে আসতে হবে।
- ২) ঘর বা স্কুলের ঘর থেকে বেরোনোর সময় না পেলে মাথা ঢেকে মজবুত টেবিল, খাট, ডেস্কের নীচে আশ্রয় নিতে হবে।
- ৩) খোলা মাঠে ফাঁকা জায়গায় গিয়ে দাঁড়াতে হবে।
- ৪) হাঁটু গেড়ে বসে থাকতে হবে।
- ৫) বিছানায় থাকলে বালিশ, কম্বল দিয়ে নিজেকে ঢেকে নিতে হবে।
- ৬) বাড়ির দেয়াল, বইয়ের তাক, কাচের দরজা-জানলা, চলন্ত গাড়ি, আলমারি থেকে দূরে থাকতে হবে।

কী করবে না:

- ১) ভূমিকম্প চলাকালীন সিঁড়ি বা ঝুলবারান্দায় থাকবে না।
- ২) বহুতল বাড়ির কাছাকাছি থাকবে না।

ছাত্রছাত্রীরা শিক্ষকের সহায়তায় ভূমিকম্প বিষয়ে নিজেদের মধ্যে আলোচনা করবে ও মক ড্রিল করবে দুর্যোগ থেকে বাঁচতে শেখার জন্য। ছাত্রছাত্রীরা দুর্যোগ বিষয়ে ছবি আঁকবে ও মক ড্রিল করবে শিক্ষকের সহায়তায়।



বিপর্যয় মোকাবিলা

বন্যা

অত্যধিক বৃষ্টি হলেই জল বৃদ্ধি হয়,
জলমগ্ন অবস্থা তাই নিরাপদ যে নয়।
অস্থায়ী এই অবস্থাকে বন্যা নামে ডাকি,
নিরাপদ স্থান বেছে নিয়ে তখন আমরা থাকি।
বন্যা মানেই চারদিকে তেই জলে একাকার,
উঁচু জায়গায় আশ্রয় নেয় কত পরিবার।
গাঢ়ি ঘোড়া ঘর বা বাঢ়ি জলে জলেই ভাসে,
স্বেচ্ছাসেবক, সমাজসেবী এগিয়ে তখন আসে।
ଆগ শিবিরে মেলে খাবার, শিশুর খাদ্য, জল,
মোকাবিলায় এগিয়ে আসে উদ্ধারকারী দল।
আগ শিবিরে জানতে হবে তাদের প্রয়োজন,
সুনিশ্চিত করতে হবে, জানায় প্রশাসন।



বন্যা: বন্যা হলো অস্থায়ীভাবে জলমগ্ন অবস্থা, যা জলাধারের জলবৃদ্ধি, অত্যধিক বৃষ্টি, উপকূলের জলোচ্ছাস, সুনামি, বরফ গলার ফলে বা জলাধার ফেটে যাওয়ায় নদীর কুল ছাপিয়ে একটি বৃহৎ এলাকা প্লাবিত হওয়া।

কী করা উচিত?

- ১) শিশু, প্রতিবন্ধী, বৃদ্ধ ও মহিলাদের প্রথমে সুরক্ষিত উঁচু জায়গায় আশ্রয় নিতে হবে।
- ২) ব্যাটারিচালিত রেডিও ব্যবহার করতে হবে।
- ৩) দুর্যোগবার্তা শুনলে শুকনো খাবার, শিশুর খাদ্য, জল, জ্বালানির নিরাপদ জায়গা করতে হবে। ওযুধ, টর্চ, দেশলাই, হারিকেন, মূল্যবান কাগজ প্লাস্টিকে মুড়ে নিরাপদ স্থানে রাখতে হবে।
- ৪) মাইক দিয়ে খবরাখবর জানাতে হবে সকলকে।
- ৫) পানীয় জলের নলকূপে অতিরিক্ত পাইপ সংযোগ করতে হবে, যাতে কল বন্যার জলে না ডুবে যায়।
- ৬) মাঝি, ডাক্তার, সমাজসেবী, স্বেচ্ছাসেবকদের সহায়তায় দুর্যোগ মোকাবিলা, উদ্ধারকারী দল ও প্রশাসনের সঙ্গে সাহায্য করতে হবে।
- ৭) নিরাপদ পানীয় জল আমদানি করতে হবে।
- ৮) আগশিবির খোলা ও তার সামগ্রিক প্রয়োজন সুনিশ্চিত করতে হবে প্রশাসনকে।



কী করবে না:

- ১) গুজবে কান দেবে না ও গুজব ছড়াবে না। ২) কুয়ো ও পুকুরের জল না ফুটিয়ে খাবে না। ৩) বাসি খাবার খাবে না। ৪) বন্যায় ডোবা শাকসবজি, মাছ খাবে না। ৫) যত্রত্র পায়খানা করবে না। ৬) দূষিত জলে স্নান করবে না।

বাল্যবিবাহ চাই না



মেলৰ ডানা মীন আকাশে
বিয়ের বেড়ি এখন না
ছুটব আমি মুবুজ ঘামে
এঙ্গুণি ঘৱকুমা না

শিশু হিসেবে আমাদের বাঁচার, শেখার, খেলার অধিকার রয়েছে। সবরকম নিষ্ঠ থেকে সুরক্ষা পাওয়ার অধিকারও রয়েছে আমাদের। আমরা চাই শারীরিক ও মানসিকভাবে বিকশিত হওয়ার মতো সময় ও পরিসর। বাল্যবিবাহ আমাদের অধিকার কেড়ে নেয়। সবসময় দেখা যায়, মেয়েরাই এর সবচেয়ে বড়ো শিকার। বাল্যবিবাহ তার নিরাপদ ও সুরক্ষিত থাকার অধিকার কেড়ে নেয়। সরলতার সুযোগ নিয়ে লজিত হয় তার বাঁচার ও পরিপূর্ণভাবে বিকশিত হওয়ার অধিকার।

আমরা :

- বাল্যবিবাহ একটি ক্ষতিকর ও বেআইনি প্রথা—এই বার্তা ছড়িয়ে দেব।
- বাল্যবিবাহকে প্রশ্ন দেয় এমন ধারণা ও দৃষ্টিভঙ্গির প্রতিবাদ করব।
- বাল্যবিবাহের বিরুদ্ধে জনমত তৈরি করব।
- ছেলে ও মেয়েদের সমান সুযোগ পাওয়া নিশ্চিত করব।
- নিজেদের অধিকারগুলো পাওয়ার জন্য নিজেরা চেষ্টা করব।
- স্কুলে যাব এবং নিজেদের অধিকারগুলো ভালোভাবে ব্যবহার করার জন্য নিজেদের তৈরি করব।
- বিয়ের বয়স হওয়ার পরই বিয়ে করব, তার আগে কোনো অবস্থায় নয়। এর বিরুদ্ধাচরণ হলে প্রশাসন ও পুলিশের সহায়তা নেব।



বাল্যবিবাহ চাই না



সমাজের কাছে চাই :

- আমাদের অধিকার ভঙ্গ করে এমন প্রথা ও রীতিনীতি নিয়ে প্রশ্ন তুলুন।
- আমাদের সবার অধিকারগুলো পাওয়া নিশ্চিত করুন।
- আমদের শিক্ষা ও স্বাস্থ্যের সুযোগসুবিধা পাওয়া নিশ্চিত করুন।
- হিংসা ও নিগ্রহ থেকে আমাদের সুরক্ষা পাওয়ার পরিবেশ গড়ে তুলুন।
- অধিকারগুলো লঙ্ঘিত হলে প্রতিবাদের জন্য কোথায় ও কার কাছে যাব তা জানানোর ব্যবস্থা করুন।
- গণমাধ্যমে বাল্যবিবাহবিরোধী বার্তা সম্প্রচারের ব্যবস্থা করুন।
- বাল্যবিবাহের সমর্থক, ব্যবস্থাপক ও অংশগ্রহণকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিন।

বাবা-মা, পরিবার ও গোষ্ঠীর কাছে আমরা চাই :

- আপনার ছেলে ও মেয়েকে সমান মর্যাদা দিন।
- পরিপূর্ণভাবে বিকশিত হওয়ার জন্য আমাদের ভালোবাসা ও যত্ন নিন।
- আমাদের জীবনে প্রভাব ফেলে এমন বিষয়গুলো নিয়ে খোলামেলা আলোচনা করুন।
- জীবনের জন্য প্রস্তুত হতে আমাদের স্কুলে পাঠান।
- পশ্চিমবঙ্গ সরকারের অঙ্গীকার— কন্যাশ্রী প্রকল্প।
- শিক্ষক/শিক্ষিকা কন্যাশ্রী প্রকল্প সম্বন্ধে দু-এক কথা বলবেন।



শাস্তি কখনও নয়

নানা কারণেই শিশুর মধ্যে ভয়ের সৃষ্টি হয়,
শিশুদের ভালোবাসতেই হবে শাস্তি কখনও নয়।
মানসিকভাবে সমস্যা কিছু দেখা দিতে পারে জানি,
শিশুদের সাথে হাসব খেলব হলে চুপ, অভিমানী।
নজরে রাখব কখন ঘুমোয় কেন খায় কম, বেশি,
হিংসাকে যেন দূরে ঠেলে দেয় হয় না তো বিদ্বেষী।
শিশুদের কথা শুনতেই হবে করব না অপমান,
শিশুদের সাথে কথা বলে তাই খুঁজে নেব সমাধান।



প্রাতিষ্ঠানিক শাস্তি বলতে কী বোঝায় ?

যেখানে শারীরিক বলপ্রয়োগ করা হয় তা যত সামান্যই হোক, যার উদ্দেশ্য হচ্ছে ব্যথা ও যন্ত্রণা দেওয়া বা মানসিক শাস্তি, যেগুলো অসম্মানজনক, কলঙ্কিত করে, নিন্দা করে, শিশুকে বিদ্রুপ করে।

প্রাতিষ্ঠানিক শাস্তি শিশুদের ওপর কী প্রভাব ফেলে ?

‘হারে রে রে রে রে

আমায় ছেড়ে দেরে রে রে

যেমন ছাড়া বনের পাখি

মনের আনন্দেরে ’

- মানসিকভাবে সমস্যা দেখা দেয়।
- শিশুর মধ্যে ভয় সৃষ্টি করে।
- হিংসাকে বৃদ্ধি করে।
- স্কুলছুটের মাত্রা বাড়ায়।

কী কী লক্ষণ দেখে শিশুর মানসিক সমস্যা বোঝা যায় ?

- যদি শিশুর আচরণে মানসিক দুর্শিতা দেখা দেয়।
- আত্মহত্যা সম্বন্ধে জিজ্ঞেস করে।
- যদি হঠাৎ চুপ হয়ে যায়, শিশুদের সঙ্গে খেলতে না চায়, হঠাৎ বেশি দুষ্টুমি করে।

শাস্তি কখনও নয়

- হঠাৎ ক্লাসে বা পরীক্ষায় খারাপ করে, স্কুলে যেতে না চায়।
- স্বাভাবিকের চেয়ে বেশি বা কম খায় অথবা ঘুমোয়।



বাবা-মা-র করণীয় বিষয় :

- শিশুর কথা শুনুন ও তার সঙ্গে কথা বলুন।
- তার সমস্যার ভেতর ঢুকে বোঝার চেষ্টা করুন এবং সমাধানের পথ দেখান।
- স্কুলের সঙ্গে কথা বলুন।

শিক্ষক/শিক্ষিকাদের করণীয় বিষয় :

- শিশুকে শেখান, কী করে সমস্যার মোকাবিলা করতে হয় এবং প্রয়োজনে প্রধান শিক্ষক/শিক্ষিকার সঙ্গে পরামর্শ করুন। এই সময়ে শিশুদের মারধর করা যাবে না উভয়পক্ষকে।



শিশু সংসদ

কার্যকাল



শিশু সংসদের কার্যকাল এক বছরের হওয়া উচিত। প্রতি বছর মন্ত্রীসভার পুনর্গঠন করতে হবে। প্রতি ছয় মাসে পুনর্গঠন করলে অনেক বেশি পদচূয়া এই ব্যবস্থায় অংশগ্রহণ করতে পারবে। কথাটা ঠিক। যত বেশি পদচূয়া এই ব্যবস্থায় অংশগ্রহণ করতে পারে তত ভালো। তবে মন্ত্রীদের প্রশিক্ষণের বিষয়টিতে বিশেষ গুরুত্ব দিতে হবে।

প্রধানমন্ত্রী

- প্রতি শনিবার মন্ত্রীসভার সাপ্তাহিক পর্যালোচনা সভার আয়োজন করা।
- বিদ্যালয়ের শিশু সংসদের কাজের দায়িত্ব নেওয়া।
- সংশ্লিষ্ট বিদ্যালয় পরিচালনার কাজে প্রধান শিক্ষককে সহায়তা করা।
- মন্ত্রীদের কাজ পরিচালনায় সহায়তা করা ও তাদের কাজের মূল্যায়ন করা।
- বিভাগীয় মন্ত্রীর অনুপস্থিতিতে সংশ্লিষ্ট স্থায়ী সমিতির সদস্যদের সাহায্য নিয়ে ওই বিভাগের কাজ পরিচালনা করা।

খাদ্যমন্ত্রী

- রান্নাঘর ও মিড-ডে মিল খাওয়ার জায়গা যাতে পরিচ্ছন্ন থাকে সে বিষয়ে লক্ষ রাখা।
- হাত ধোয়ার জন্য মিড-ডে মিল খাওয়ার জায়গায় জল ও সাবানের বন্দোবস্ত রাখা।
- মিড-ডে মিল রান্নার আগে ও পরিবেশনের সময় এই কাজে যুক্ত মহিলারা সাবান দিয়ে হাত ধুচ্ছেন কি না ও পরিচ্ছন্ন থাকছেন কি না সেদিকে লক্ষ রাখা।

- রান্নার ও বাসন ধোয়ার কাজে নলকুপের জলের ব্যবহার হচ্ছে কি না সেদিকে লক্ষ রাখা।
- মিড-ডে মিল পরিবেশনের কাজে সাহায্য করা।
- মিড-ডে মিলের একটি সাপ্তাহিক মেনু তৈরির কাজে প্রধানশিক্ষক/শিক্ষিকাকে সাহায্য করা।
- খাওয়ার জল পরিষ্কার পাত্রে রেখে তার মুখ ঢেকে রাখা ও তার ব্যবহারবিধির বিষয়ে সব পদচূয়াকে জানানো ও তার তদারকি করা।
- সাবান ফুরিয়ে গেলে বিষয়টি প্রধানমন্ত্রীর নজরে আনা।

শিশু সংসদ

ক্রীড়া ও সংস্কৃতিমন্ত্রী



- খেলাধুলার সরঞ্জাম ঠিকমতো গুছিয়ে রাখা ও সবাই যাতে সেগুলো ব্যবহার করতে পারে তা নিশ্চিত করা।
- বিদ্যালয়ে ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক প্রতিযোগিতার আয়োজনে প্রধান শিক্ষক/শিক্ষিকাকে সাহায্য করা।
- বিভিন্ন উল্লেখযোগ্য দিবস যেমন স্বাধীনতা দিবস, রবীন্দ্রজয়ন্তী, জাতীয় হাত ধোয়া দিবস, শিশু দিবস, পুস্তক দিবস, গ্রামশিক্ষা সমিতি, মাতাশিক্ষা সমিতি ইত্যাদির আয়োজন করা ও অভিভাবক এবং পড়ুয়াদের তাতে শামিল করার কাজে সাহায্য করা।

শিক্ষা ও পরিবেশমন্ত্রী



- বিদ্যালয়ে বিভিন্ন শিক্ষণ সামগ্রীর ব্যবহার ও রক্ষণাবেক্ষণের কাজে সাহায্য করা।
- প্রাথমিক সময় পরিবেশ সম্পর্কিত বিভিন্ন বিষয়ে আলোচনার একটি সাম্প্রাতিক সূচি তৈরি করা ও তার পরিচালনা করতে হবে।
- বিদ্যালয়ের পরিচ্ছন্নতা বজায় রাখার কাজে সমস্ত পড়ুয়াকে শামিল করা এবং এই বিষয়ে নেতৃত্ব দেওয়া।
- বিভিন্ন পচনশীল ও অপচনশীল বর্জ্য বিষয়ে পড়ুয়াদের জানানো ও বর্জ্য নির্ধারিত জায়গায় ফেলার ব্যাপারে সচেতন করা।
- বিদ্যালয় পরিসরে ফল বা ফুলের বাগান তৈরিতে সব পড়ুয়াকে শামিল করা এবং তার পরিচর্যার কাজে সাহায্য করা।
- শৌচাগারসহ প্রশ্নাবাগারে জল ও সাবানের ব্যবস্থা যাতে থাকে সেটা দেখা ও ব্যবহারবিধি বিষয়ে পড়ুয়াদের সচেতন করতে হবে।
- শৌচাগারের পরিচ্ছন্নতা বজায় রাখার কাজে সব পড়ুয়াকে শামিল হতে হবে।
- কোনো শিশু বেশিদিন বিদ্যালয়ে না এলে তার অনুপস্থিতির কারণ বিষয়ে খোঁজ নিতে হবে।



শিশু সংসদ

স্বাস্থ্যমন্ত্রী



- স্বাস্থ্যবিধান সামগ্রীর ব্যবহার ও রক্ষণাবেক্ষণে সহায়তা করতে হবে।
- সাবান দিয়ে হাত ধোয়ার গুরুত্ব ও পদ্ধতি বিষয়ে পড়ুয়াদের জানানো দরকার।
- প্রার্থনার সময় সব পড়ুয়ার দাঁত, নখ, চুল, পোশাক, চোখ ইত্যাদি পরিচ্ছন্ন আছে কিনা তা যাচাই করা দরকার।
- বিদ্যালয় ও তার বাইরের পরিবেশ পরিচ্ছন্ন রাখার বিষয়ে সবাইকে সচেতন করা এবং মাসে একদিন এবিষয়ে অভিযান চালানো।
- সমস্ত পড়ুয়ার বাড়িতে শৌচাগার আছে কি না বা তার ব্যবহার হয় কি না সেবিষয়ে প্রধানমন্ত্রীকে অবহিত করতে হবে।
- বিদ্যালয়ের শৌচাগারসহ প্রস্ত্রাবাগারের রক্ষণাবেক্ষণ ও ব্যবহার বিষয়ে সব পড়ুয়াকে সচেতন করার জন্য শিক্ষা ও পরিবেশমন্ত্রীর সঙ্গে যোগাযোগ রাখার জন্য ব্যবস্থা করতে হবে।
- আয়রন ও ফলিক অ্যাসিড বড়ি ও কৃমির বড়ি নিয়মিত খাচ্ছে কিনা তার হিসেব রাখা।

